ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৯৬
বিশালগড়, ২ আগস্ট, ২০২৫

**মানবাধিকার সুরক্ষায় বক্সনগরে সচেতনতামূলক অনুষ্ঠান**

আজ সোনামুড়া মহকুমার বক্সনগর ব্লকের অন্তর্গত মানিক্যনগর কমিউনিটি হলে মেলাঘর পূর্বচন্ডীপুরস্থিত ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার উদ্যোগে এবং ত্রিপুরা মানবাধিকার কমিশনের সহযোগিতায় সিপাহীজলা জেলাভিত্তিক মানবাধিকার সুরক্ষায় সমাজ ও রাষ্ট্রের দায়িত্ব এবং কর্তব্য বিষয়ক এক সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ। উদ্বোধকের ভাষণে তিনি মানবাধিকার কমিশনের বিভিন্ন কাজকর্ম তুলে ধরেন। এছাড়াও রাজ্যের সকল অংশের মানুষ মানবাধিকার কমিশনের কাছ থেকে কিভাবে সহায়তা পেতে পারেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন মানবাধিকার কমিশনের সদস্য উদিত চৌধুরী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার সচিব (জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত) লিটন শীল। এছাড়াও অনুষ্ঠানে মানবাধিকার কমিশনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন বিশালগড় মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের শিল্পীবৃন্দ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জমাতিয়া, মানবাধিকার কমিশনের ডেপুটি পুলিশ সুপার লালহিম মলসুম, মানিক্যনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নন্দিতা দাস ও উপ প্রধান পবিত্র পাল, ভেলুয়াচর পঞ্চায়েতের প্রধান মনি বর্মণ প্রমুখ।

******